# মাগুরা পৌরসভা কার্যালয়, মাগুরা

## ভৌত কাজ/মালামাল সরবরাহকরণ

এর জন্য কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন দলিল

কোটেশন নম্বর: ০১/২০২৪-২৫ তারিখ : ২৭.০৯.২০২৪

স্মারক নং ৪৬.৪৪.৫৫৫৭.০৬.০৮.০৩০.২৪-৯৮৬ তারিখঃ২৭.১০.২০২৪

প্রতি,
দরপত্র দাতার নাম:-----------------------------------------------------------------------------------------------------

ঠিকানা :-----------------------------------------------------------------------------------------------------

১। প্রশাসক, মাগুরা পৌরসভা, মাগুরা এর অনুকূলে পৌরসভার রাজস্ব/সরকারি বরাদ্দের অধীন এবং জারীকৃত কোটেশন দলিল অনুসারে সম্পাদিত চুক্তির অধীন প্রাপ্য অর্থ পরিশোধের জন্য উক্ত তহবিল হতে ব্যয় করবেন;

২। ইচ্ছুক দরদাতাগণ সকল কার্য দিবসে অফিস চলাকালীন সময়ে ক্রয়কারীর অফিসে সরবরাহ সেবার বিস্তারিত নির্দেশনা জানতে পারবেন;

৩। কোটেশন দলিল ব্যবহার করে কোটেশন প্রস্তুত ও দাখিল করতে হবে;

৪। কোটেশন যথাযথভাবে প্রস্তুত পূর্বক ক্ষমতা প্রাপ্ত স্বাক্ষরকারী কর্তৃক প্রতিটি পৃষ্ঠায় যথাযথ ভাবে তারিখসহ স্বাক্ষর করে নিম্নের ৬ অনুচ্ছেদে উল্লিখিত তারিখ ও সময়ে কোটেশন আহ্বানকারীর দপ্তরে দাখিল করতে হবে;

৫। কোটেশন দাখিল এবং পণ্য সরবরাহে কোনো জামানত যেমন, কোটেশন জামানত এবং কার্য-সম্পাদন জামানতের (যদি চুক্তি সম্পাদিত হয়) প্রয়োজন হবে না;

৬। সিলমোহরকৃত খামের মাধ্যমে আগামী ০৬/১১/২০২৪ তারিখ বেলা ০১.০০ ঘটিকা বা উহার পূর্বে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে কোটেশন দাখিল করতে হবে। কোটেশন সংবলিত খামে " **নিম্নে বর্ণিত প্যাকেজ নং ও কাজ/ মালামাল সরবারহ করণ** এর জন্য কোটেশন এবং ০৬/১১/২০২৪ তারিখ বেলা ০১.০০ ঘটিকার পূর্বে খোলা যাবে না" মর্মে অবশ্যই সুস্পষ্ট ভাবে চিহ্নিত করতে হবে। উল্লিখিত সময়ের পরে প্রাপ্ত কোটেশন গ্রহণযোগ্য হবে না;

প্যাকেজ নং ও কাজ/মালামাল সরবারহ করণ তালিকাঃ

| ক্রমিক নং | প্যাকেজ নং | কাজ/ মালামাল সরবারহ করণ |
|---|---|---|
| ১। | MP/RFQ/REV/2024-25/P-01 | মশারলার্ভা ও মশকনিধনের কীটনাশক সরবরাহ করণ |
| ২। | MP/RFQ/REV/2024-25/P-02 | মশারলার্ভা ও মশকনিধনের কীটনাশক সরবরাহ করণ |
| ৩। | MP/RFQ/REV/2024-25/P-03 | সড়কবাতি আলোকিত করণে বৈদ্যুতিক মালামাল সরবারহ করণ |
| ৪। | MP/RFQ/REV/2024-25/P-04 | দাপ্তিরিক কাজে ব্যবহারের ষ্টেশনারী মালামাল সরবারহ করণ |
| ৫। | MP/RFQ/GOB/2024-25/P-01 | মাগুরা কেন্দ্রিয় বাসটার্মিনাল মেরামতের জন্য মালামাল সরবারহ করণ |
| ৬। | MP/RFQ/GOB/2024-25/P-02 | Emergency Maintenance (Road) at A. Magura-Sreepur Road (Near SP Banglo), B. Satdoha Asrom road, C. Parnanduali Baparypara road and other important road in Magura Pourashava area under pourashava ADP (Govt.) fund fy'2024-2025 |

৭। পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ৭১(৪) এর উদ্দেশ্য পূরণকল্পে ক্রয়কারী কোটেশন আহ্বানের তারিখ হতে দাখিলের জন্য নির্ধারিত সময়সীমা যথাযথভাবে কারণ লিপিবদ্ধ করে যুক্তি সংগত ভাবে অনধিক ১০ (দশ) দিন বৃদ্ধি করতে পরেবে;

৮। কোটেশন দাখিলের নির্ধারিত সর্বশেষ তারিখ হতে ন্যূনতম **১৫ (দশ)** দিন পর্যন্ত সকল কোটেশন বৈধ থাকবে;

৯। দাখিলের সর্বশেষ সময়সীমা উত্তীর্ণের তারিখ ও সময়ের পর প্রাপ্ত কোটেশন প্রকাশ্যে উন্মুক্ত করা যাবে না;



২৭.১০.২৪

১০। যদি চুক্তি সম্পাদন করা হয়, তাহা হলে দরপত্র দাতার উদ্বৃত্ব দর বা মূল্যে মুনাফা ও ওভারহেড এবং সকল ধরনের কর, শুল্ক ও আবগারি ফি এবং আইনের অধীন পরিশোধ যোগ্য অন্যান্য চার্জ অন্তর্ভুক্ত থাকবে;

১১। দর টাকায় উদ্‌ধৃত করতে হবে এবং এই চুক্তির অধীন পরবর্তীতে মূল্য পরিশোধ ও টাকায় করা যাবে। দরপত্র দাতার প্রস্তাবিত মূল্য, যদি গৃহীত হয়, চুক্তিকালীন স্থির অঙ্কে থাকবে;

১২। দরপত্রদাতার চুক্তি করার আইনগত সক্ষমতা থাকতে হবে। দরপত্রদাতার যোগ্যতার প্রমাণ স্বরূপ বৈধ ট্রেড লাইসেন্স, টিআইএন নম্বর ও ভ্যাট নিবন্ধন নম্বরের সত্যায়িত অনুলিপি এবং কোনো তফসিলি ব্যাংক হতে আর্থিক স্বচ্ছলতার সনদ (**২৭/১০/২০২৪ হতে ০৬/১১/২০২৪ এর মধ্যে ইস্যুকৃত**) দাখিল করতে হবে। এই গুলি ব্যতীত কোটেশন অগ্রহণযোগ্য বলে বিবেচিত হতে পারে; প্যাকেজ নং-MP/RFQ/GOB/2024-25/P-01 এর জন্য শুধুমাত্র মাগুরা পৌরসভার তালিকাভূক্ত ঠিকাদার/ ঠিকাদারী প্রতিষ্ঠান অংশ গ্রহণ করতে পারবেন।

১৩। মূল্যায়ন কমিটি কোটেশনের সাথে দাখিলকৃত তথ্য ও দলিল পত্রের ভিত্তিতে কোটেশন মূল্যায়ন করবে। চুক্তি সম্পাদনের জন্য সর্বনিম্ন মূল্যায়িত গ্রহণযোগ্য কোটেশন নির্ধারণের ক্ষেত্রে কমপক্ষে ৩ (তিন) টি গ্রহণ যোগ্য কোটেশনের প্রয়োজন হবে;

১৪। উদ্‌ধৃত একক দর ও মূল্যের মধ্যে অসংগতি থাকলে একক দর প্রাধান্য পাবে। কথায় এবং সংখ্যার মধ্যে অসংগতির ক্ষেত্রে কথায় উদ্‌ধৃত দর প্রাধান্য পাবে। মূল্যায়ন কমিটি কর্তৃক নির্ণীত গাণিতিক সংশোধন গ্রহণে দরপত্রদাতা বাধ্য থাকবে;

১৫। ক্রয় আদেশ জারির তারিখ হতে **১৫ (পনেরো)** দিনের মধ্যে পণ্য ও সংশ্লিষ্ট সেবা সরবরাহ সম্পন্ন করতে হবে;

১৬। ক্রয়াদেশ, যাহা সরবরাহকারী ও ক্রয়কারীকে অবশ্য পালনীয় চুক্তিতে আবদ্ধ করে, অনুমোদনকারী কর্তৃপক্ষের অনুমোদন প্রাপ্তির **৫ (পাঁচ)** দিনের মধ্যে জারি করতে হবে;

১৭। ক্রয়কারী সকল কোটেশন বা ক্রয় কার্যক্রম বাতিলের অধিকার সংরক্ষণ করবে;

কোটেশন আহ্বানকারী কর্মকর্তার স্বাক্ষর

২৭.১০.২৪

নাম : মো: আহসান বারী
পদবি : নির্বাহী প্রকৌশলী
তারিখ : ২৭/১০/২০২৪
ঠিকানা : মাগুরা পৌরসভা, মাগুরা
ফোন নম্বর: ০১৭১২০১৩২১৩
ই-মেইল : mdahsanbari67@gmail.com

**বিতরণ**: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। প্রশাসক, মাগুরা পৌরসভা, মাগুরা;
২। উপেজলা নির্বাহী অফিসার, মাগুরা সদর মাগুরা, অবগতি এবং নোটিশ বোর্ডে প্রচারের জন্য;
৩। নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, মাগুরা;
৪। নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মাগুরা;
৫। জেলা মহিলা বিষয়ক, কর্মকর্তা, মাগুরা;
৬। সহকারী পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, মাগুরা;
৭। নির্বাহী প্রকৌশলী, মাগুরা পৌরসভা, মাগুরা;
৮। উপবিভাগীয় প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ, মাগুরা;
৯। উপেজলা প্রকৌশলী, এলজিইডি, মাগুরা সদর, মাগুরা অবগতি এবং বহুল প্রচারের জন্য;
১০। মো: তাজুল ইসলাম, উচ্চমান সহকারী, নোটিশটি ওয়েবসাইটে আপলোড করার যথাযথ ব্যবস্থা গ্রহন করবেন;
১১। নোটিশ বোর্ড;
১২। দাপ্তরিক নথি;